গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
রাঙ্গামাটি
www.rhdc.gov.bd, Email: cht.rhdc.yahoo.com

স্মারক নং-২৯.৩৪.৮৪০০.২০৩.১২.০০১.২২-৪৫০ তারিখঃ ০৪/০৭/২০২২খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে ১৩-২০ গ্রেডের বিভিন্ন পদে নিয়োগের লক্ষ্যে রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী মোতাবেক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড | বেতন স্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১। | কম্পিউটার অপারেটর | ০১ (এক) টি | গ্রেড-১৩ | ১১০০০-২৬৫৯০/- | ১৮ - ৪০ বৎসর | এস,এস,সি ও এইচ,এস,সি/সমমান পরীক্ষায় উভয় ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএসহ পাস এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার, এম,এস,ওয়ার্ড, এম,এস, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও এম,এস এক্সেস- এ কোর্স সার্টিফিকেট এবং কম্পিউটারে টাইপিং এর প্রতি মিনিটে ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩৫ ও ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitute Test এ উত্তীর্ণ। |
| ২। | কার্য সহকারী | ০৩ (তিন) টি | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০/- | ১৮ - ৪০ বৎসর | ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং পাস এবং নির্মাণ কাজের ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩। | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ০১ (এক) টি | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০/- | ১৮-৪০ বৎসর | এইচ,এস,সি/সমমান পাস এবং কম্পিউটারে টাইপিং এর প্রতি মিনিটে বাংলা এবং ইংরেজিতে যথাক্রমে ২০ ও ২৮টি শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitute Test এ উত্তীর্ণ। |
| ৪। | গ্রন্থাগার সহকারী | ০১ (এক) টি | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০/- | ১৮-৪০ বৎসর | এস,এস,সি ও এইচ,এস,সি/ সমমান পরীক্ষায় উভয় ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএসহ পাস এবং লাইব্রেরীয়ান সার্টিফিকেট কোর্স সম্পন্ন। |
| ৫। | গাড়ী চালক | ০৪ (চার) টি | গ্রেড-১৬ | ৯৩০০-২১৮০০/- | ১৮-৪০ বৎসর | ৮ম শ্রেণি পাস এবং হালকা যানবাহন চালানোর বৈধ লাইসেন্সসহ ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬। | স্পীড বোট চালক | ০১ (এক) টি | গ্রেড-১৬ | ৯৩০০-২২৮৯০/- | ১৮-৪০ বৎসর | ৮ম শ্রেণি পাস এবং স্পীডবোট চালানোর ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭। | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | ০১ (এক) টি | গ্রেড-১৮ | ৮৮০০-২১৩৯০/- | ১৮-৪০ বৎসর | এসএসসি পাশ এবং ২ বছরের কাজের অভিজ্ঞতা। |
| ৮। | আর্ডালী | ০১ (এক) টি | গ্রেড-১৯ | ৮৫০০-২০৫৭০/- | ১৮-৪০ বৎসর | ৮ম শ্রেণি পাস। |
| ৯। | অফিস সহায়ক | ০২ (দুই) টি | গ্রেড-২০ | ৮২৫০-২০০১০/- | ১৮-৪০ বৎসর | ৮ম শ্রেণি পাস। |
| ১০। | নিরাপত্তা প্রহরী | ০২ (দুই) টি | গ্রেড-২০ | ৮২৫০-২০০১০/- | ১৮-৪০ বৎসর | ৮ম শ্রেণি পাস। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
রাঙ্গামাটি
www.rhdc.gov.bd, Email: cht.rhdc.yahoo.com


শর্তাবলী:

০২। আবেদনকারীকে নির্ধারিত আবেদন ফরম ও প্রবেশপত্রের নমুনা ফরম পূরণ করে আগামী ০৭/০৮/২০২২খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে রক্ষিত বাক্সে আবেদন জমা দিতে হবে। চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ বরাবরে ডাকযোগেও আবেদন পত্র প্রেরণ করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর সরাসরি বা ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদন ফরম ও প্রবেশ পত্রের নমুনা কপি রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের www.rhdc.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক (কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী, সীল ও স্বাক্ষর থাকতে হবে) সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

খ) শিক্ষাগত যোগ্যতার বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল/সাময়িক সনদ।

গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

ঘ) রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে জেলা প্রশাসক অথবা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদ।

ঙ) জাতীয় পরিচয় পত্র।

চ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা হলে আবেদনের সাথে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদ সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত বীর মুক্তিযোদ্ধাদের সাথে প্রার্থীর সম্পর্ক সনদ, যা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত।

ছ) এতিমখানা নিবাসী, শারীরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের উপর্যুক্ত কর্তৃপক্ষের নিকট হতে প্রদত্ত সনদ।

ঝ) আবেদন পত্রের সাথে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং- ১ হতে ৭ পর্যন্ত প্রার্থীদের ক্ষেত্রে ৪০০/- (চারশত) টাকা এবং ০৮ হতে ১০ ক্রমিকের প্রার্থীদের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা (অফেরতযোগ্য) চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি এর নামীয় সোনালী ব্যাংক, নিউ কোর্ট বিল্ডিং শাখার চলতি হিসাব নং-**৫৪১৯২৪০০০০৫৭২** এ জমা দিয়ে স্লিপের মূলকপি সংযুক্ত করতে হবে।

০৪। চাকুরীরত প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৫। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬। আবেদনপত্রে কোন অসত্য তথ্য পরিবেশন করলে এবং দাখিলকৃত কাগজপত্রাদি ভ্রান্ত বলে প্রতীয়মান হলে নিয়োগের যে কোন পর্যায়ে আবেদন/নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় শুধুমাত্র যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে।

০৮। প্রবেশ পত্রের মাধ্যমে লিখিত পরীক্ষার এবং নোটিশ বোর্ড ও স্থানীয় পত্রিকার মাধ্যমে মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮। প্রবেশ পত্রের মাধ্যমে লিখিত পরীক্ষার এবং নোটিশ বোর্ড ও স্থানীয় পত্রিকার মাধ্যমে মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ বা প্রার্থীত পদে নিয়োগ প্রদানে বাধ্য নয়।

১০। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি বিধি-বিধান, নীতিমালা ও পরিষদের প্রবিধান, নীতিমালা ইত্যাদি অনুসরণ করতে হবে।

১১। আবেদনপত্র গ্রহণ ও বাতিল এবং সংশ্লিষ্ট বিষয়ে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহারসহ নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রদর্শিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার সম্পূর্ণ এখতিয়ার নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপরিভাগে লাল কালিতে আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে আবেদনকারীর পুরো নাম ও ঠিকানা লিখতে হবে। এছাড়া কোন কোটা দাবী করা হলে (মুক্তিযোদ্ধা/এতিমখানা নিবাসী/আনসার-ভিডিপি/প্রতিবন্ধী) তা খামের ডান পার্শ্বে উপরিভাগে উল্লেখ করতে হবে।

১৩। আবেদনকারীর বয়সসীমা আবেদনপত্র দাখিলের জন্য নির্ধারিত সর্বশেষ তারিখে ১৮ হতে ৪০ বছর হতে হবে।

১৪। এ বিজ্ঞপ্তি রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট www.rhdc.gov.bd এ পাওয়া যাবে।

৪/৭/২২

(অংসুই প্রু চৌধুরী)
চেয়ারম্যান
রাঙ্গামাটি পার্বত্য জেলা

স্মারক নং-২৯.৩৪.৮৪০০.২০৩.১২.০০১.২২- তারিখঃ /০৭/২০২২খ্রি.

**অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

১। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ।

৩। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৪। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৫। জনাব/মিসেস ............................................................................ সদস্য, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।

৬। সিভিল সার্জন, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৭। চেয়ারম্যান ............................................................................উপজেলা পরিষদ, রাঙ্গামাটি।

৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা,.......................................................উপজেলা, রাঙ্গামাটি।

৯। পিএ টু চেয়ারম্যান, খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

১০। আইটি কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি-কে বিজ্ঞপ্তিটি (চাকুরীর আবেদন ফরম ও প্রবেশ পত্র) রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ। www.rhdc.gov.bd ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো।

১১। সম্পাদক, দৈনিক গিরিদর্পণ/ দৈনিক সমকাল, তাঁকে বিজ্ঞপ্তিটি ০৬ /০৭/২০২২ খ্রি. তারিখের মধ্যে ১ দিনের জন্য প্রচার পূর্বক ২ কপি পত্রিকাসহ বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৪/৭/২২

(নূরুদ্দীন মুহাম্মদ শিবলী নোমান)
নির্বাহী কর্মকর্তা
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।